# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 16-07-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) কৃষিজাত সামগ্রীর গুণগতমান বৃদ্ধির জন্যে বিজ্ঞানীদের কৃষকদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রাখতে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের আহ্বান/

(২) আসামের যানবাহন কর আরোপ ব্যবস্থার সরলীকরণ সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে পরিবহণ বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে পরিবহণ মন্ত্রী কেশব মহন্তের আলোচনা/

(৩) বিভিন্ন প্রজাতির সাপ রাজ্যের জৈব বৈচিত্রকে সম্বৃদ্ধ করে আসছে বলে বিশ্ব সর্প দিবসে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

এবং

(৪) অষ্ট্রেলিয়া সফরের জন্যে ঘোষণা করা ভারতীয় মহিলা ক্রিকেটের 'এ' দলে আসামের উমা ছেত্রীর স্থান লাভ/

---------------------------------------------------------------------------

দেশে কৃষিজাত সামগ্রীর গুণগত মান বৃদ্ধি করার জন্য বৈজ্ঞানিকদের কৃষকদের সঙ্গে সরাসরি যোগাযোগ রক্ষা করা প্রয়োজন বলে কেন্দ্রীয় কৃষি ও কৃষক

কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান মন্তব্য করেছেন ।আজ নতুনদিল্লীতে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের ৯৬ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে তিনি একথা বলেন । শ্রী চৌহান বলেন যে কৃষকদের উপার্জন দ্বিগুণ বৃদ্ধি করার লক্ষ্যে উপনীত হতে কৃষির সঙ্গে জড়িত সবার ঐক্যবদ্ধভাবে কাজ করে যাওয়া উচিত ।বিশেষ করে কৃষি বিজ্ঞানী , বিশ্ববিদ্যালয় , কলেজ , কৃষি বিজ্ঞান কেন্দ্র ইত্যাদির এই বিষয়ে গুরুত্ব আরোপ করা প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশ চৌকী ও পুলিশ বিভাগের নিয়ন্ত্রনাধীন স্থান সমুহ সাক্ষী পরীক্ষা কেন্দ্র হওয়া উচিত নয় বলে মন্তব্য করেছেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা রাজ্যের মুখ্য সচিব তথা কেন্দ্র শাসিত অঞ্চলগুলোতে ইতিমধ্যে এই সম্পর্কে পত্র প্রেরণ করেছেন ।ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ ’র অধীনে সব পুলিশ চৌকীকে দৃশ্য শ্রাব্য ইলেক্ট্রনিক মাধ্যমের সহায়তায় সাক্ষী পরীক্ষা কেন্দ্রের স্থান সনাক্ত করার আহ্বান জানানো হয়েছে ।উল্লেখ্য চলতি মাসের প্রথম দিন থেকে ভারতীয় ন্যায় সংহিতা , ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নামের তিনটি অপরাধ সংক্রান্ত নতুন আইন বলবৎ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের পরিবহণ মন্ত্রী কেশব মহন্ত আজ আসামের যানবাহন কর আরোপ ব্যবস্থার সবলীকরণ এবং আসাম রাজ্য পরিবহণ নিগমের স্থাবর সম্পদ সমূহের সুষ্ঠু পরিচালনার বিষয়ে পরিবহণ বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে আলোচনায় মিলিত হয়েছেন । দিসপুরে অনুষ্ঠিত এই বৈঠকে আসাম রাজ্য পরিবহণ নিগমের অধ্যক্ষ মিশন রঞ্জন দাস, উপাধ্যক্ষ প্রণবজ্যোতি লহকর সহ পরিবহণ আয়ুক্ত মেঘনিধি দাহাল এবং আসাম রাজ্য পরিবহণ নিগমের সঞ্চালক চিন্ময় ফুকন উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের গৃহনির্মাণ ও শহর পরিক্রমা বিভাগের মন্ত্রী অশোক সিংঘল আজ দিসপুর জনতা ভবনে এই বিভাগের বিভিন্ন শাখার উচ্চপদস্থ আধিকারিকদের

সঙ্গে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়ে রূপায়িত বিভিন্ন প্রকল্পের কাজকর্মের পর্যালোচনা করেছেন । মন্ত্রী শ্রী সিংঘল পৌর প্রশাসনের সংস্কার, উদ্যান ও বাজার গৃহ নির্মাণ, স্বচ্ছ ভারত অভিযান ইত্যাদি বিভিন্ন বিষয়ে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ আলোচনায় অংশগ্রহণ করেন । এদিকে শহর ও গ্রাম পরিকল্পনা সঞ্চালকালয়ের সঙ্গে হওয়া বৈঠকে গুয়াহাটি মহানগরীর কর্তৃত্বহীন নির্মাণকাজগুলির এককালীন নিয়মিতকরণের সাম্প্রতি অবস্থানের বিষয়ে পর্যালোচনা করা হয় । শহরাঞ্চলের স্বচ্ছ মিশনের অধীনে রূপায়িত সম্পূর্ণ আবর্জনা ব্যবস্থাপনা এবং ব্যবহৃত জলের ব্যবস্থাপনার কাজকর্মের বর্তমান অবস্থান ইত্যাদি বিষয়েও বৈঠকে আলোচনা হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের সামগ্রিক বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নত হচ্ছে ।বিভিন্ন নদীর জলস্তর ক্রমশ হ্রাস পাচ্ছে ।তবে এখনো ১৭ টি জেলার ১ হাজার ১০০ র’ বেশী গ্রামের বিস্তীর্ণ অঞ্চল বন্যার কবলে রয়েছে ।রাজ্যের ৫ লক্ষেরও বেশী লোক বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছেন । বিগত ২৪ ঘন্টায় বন্যার ফলে ৩ জনের মৃত্যু হওয়ায় সাম্প্রতিক বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে ৯৬ হয়েছে ।এদিকে নদীগুলোর জল কমতে থাকায় বিভিন্ন স্থানে লোকেরা আশ্রয় শিবির থেকে নিজেদের বাসগৃহে ফিরে যাচ্ছেন ।বন্যা পরবর্তিতে বিভিন্ন রোগ সংক্রমণের আশংকায় রাজ্যের স্বাস্থ্য বিভাগ ও জনস্বাস্থ্য কারিগড়ি বিভাগের পক্ষ থেকে পানীয় জল বিশুদ্ধকরণের জন্য ওষুধ তথা বিশুদ্ধ পানীয় জল , ও আর এস ইত্যাদি বিতরণ করা হচ্ছে ।
এদিকে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পূর্বাভাষ অনুযায়ি আসাম সহ দেশের ১৯ টি রাজ্যে আজ থেকে আগামী চারদিন পর্যন্ত ধারাবাহিক বৃষ্টিপাতের সম্ভাবনার কথা বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

সরকারী রেল পুলিশ আজ গুয়াহাটি রেল স্টেশনে পাঁচজন বাংলাদেশী নাগরিককে আটক করেছে । গুয়াহাটি রেল স্টেশনে বাঙ্গালুরু অভিমুখী ট্রেনে ওঠার সময়ে রেল পুলিশ এই লোকেদের আটক করে । রেল পুলিশ সূত্রে জানানো হয়েছে যে- ধৃত ব্যক্তিরা বাংলাদেশ থেকে ত্রিপুরা হয়ে আসামে প্রবেশ

করেছে । এদিকে সরকারী রেল পুলিশ এবং রেল সুরক্ষা বাহিনী আজ যৌথভাবে অভিযান চালিয়ে গুয়াহাটি রেলস্টেশনে ১৬০ বস্তা সুপারি বাজেয়াপ্ত করেছে । কামরূপ এক্সপ্রেস ট্রেন থেকে এই সুপারির বস্তাগুলি বাজেয়াপ্ত করা হয়েছে । পাচারকারী চক্রটি সুপারিগুলি ডিমাপুর থেকে কামরূপ এক্সপ্রেসে করে কোলকাতা নিয়ে যাওয়ার অপচেষ্টা চালিয়েছিল বলে রেল পুলিশ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

আজ বিশ্ব সর্প দিবস । সাপের বিভিন্ন প্রজাতির সংরক্ষণের দ্বারা জৈব বৈচিত্র সংরক্ষণের প্রতি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এই দিবস পালন করা হয় । এই উপলক্ষে দেওয়া এক বার্তায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে- বিভিন্ন প্রজাতির সাপ রাজ্যের জৈব বৈচিত্রকে সম্বৃদ্ধ করে আসছে । এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে । রাজ্যসরকার এবং পরিবেশ সংরক্ষণ কর্মীরা এধরণের বিচিত্র প্রজাতির সাপের বিচরণস্থলসমূহ সনাক্ত করে সেইসব স্থানকে সুরক্ষিত করার জন্য প্রচেষ্টা অব্যাহত রেখেছেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । সাপের প্রতি থাকা মানুষের অহেতুক ভীতির পরিপ্রেক্ষিতে সাধারণতঃ মানুষের সঙ্গে সাপের সংঘাত পরিলক্ষিত হয় । এই সংঘাতের ফলে সর্প দংশনে বহু লোককে প্রাণও হারাতে হয় । সর্প দংশনের ফলে প্রাণহানি রোধ করা সহ  বিষয়টি সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্যেও আজকের দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- বিশ্বে তিন হাজার পাঁচশোরও বেশি প্রজাতির সাপ থাকার তথ্য পাওয়া যায় । এরমধ্যে ছ'শো রকম বিষাক্ত প্রজাতির সাপ রয়েছে । এদিকে বিশ্ব সর্প দিবসের সঙ্গে সঙ্গে সঙ্গতি রেখে আজ রাজ্যের কোনো কোনো স্থানে সচেতনতা কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসামের উমা ছেত্রী অষ্ট্রেলিয়া সফরের জন্য ঘোষণা করা ভারতীয় মহিলা ক্রিকেট ‘এ’দলে স্থান লাভ করেছে ।ভারতের মহিলা দলটি অষ্ট্রেলিয়ার ঘরুয়া এ দলের বিরুদ্ধে দুটি টি-২০ , তিনটি একদিবসীয় এবং একটি টেষ্ট ম্যাচ খেলবে ।তিনটি ফরমেটের জন্য ঘোষণা করা দলটিতে প্রথম পছন্দের উইকেট

রক্ষক ব্যাটার হিসেবে উমা ছেত্রী স্থান লাভ করেছে । এই শৃঙ্খলার প্রথম টি-২০ ম্যাচ আগামী ৭ আগষ্ট ব্রিসবেনে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

কাছাড় সংমন্ডল কৃষি বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে রাজ্য সরকারের কৃষি বিভাগের পক্ষ থেকে ১০টি কৃষি যন্ত্রপাতি সরকারী রেহাই মূল্যে প্রদান করা হবে । ইচ্ছুক কৃষকদের নির্দিষ্ট প্রপত্র পূরন করে আগামী ৩১শে জুলাই-র মধ্যে জেলা কৃষি বিভাগের কার্য্যবাহী বাস্তুকারের কার্য্যলয়ে আবেদন করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি কৃষি বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কৃষি বিভাগে ট্রেকটার , পাওয়ার টিলার , সহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি রেহাই মূল্যে বন্টনের জন্য কৃষকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । ইচ্ছুক কৃষকদের আগামী পয়লা অগাষ্টের মধ্যে নির্দিষ্ট প্রপত্র পূরন করে হাইলাকান্দি কৃষি বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকারের কার্য্যলয়ে জমা করতে বলা হয়েছে । বিশদ বিবরন কৃষি বিভাগের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার প্রতিরক্ষা ক্ষেত্রে রপ্তানি হ্রাস করা সহ স্বনির্ভরতার ক্ষেত্রে উৎসাহ যোগানোর উদ্দেশ্যে ৩৪৬ ধরণের সামগ্রী বিশিষ্ট পঞ্চমটি ইতিবাচক সূচী প্রকাশ করেছে । এরমধ্যে একহাজার কোটিরও বেশি টাকার আমদানি মূল্যের হারে বিভিন্ন যন্ত্রাংশ,কাঁচামাল ইত্যাদি রয়েছে । প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে যে- এই সামগ্রী সমূহ কেবল ভারতীয় শিল্পগুলি থেকেই ক্রয় করা হবে । মন্ত্রণালয় একইসঙ্গে বিগত তিন বছরে বারো হাজার ৩০০ রও বেশি ধরণের সামগ্রী স্বদেশীকরণ করা হয়েছে বলে জানিয়েছে । এরফলে প্রতিরক্ষা ক্ষেত্রে সরকারি কোম্পানি সমূহ ঘরোয়া বিক্রেতাকে মোট সাত হাজার ৫০০ কোটিরও বেশি টাকার ফরমায়েশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পূর্ত বিভাগের পাথারকান্দি ও রামকৃষ্ণনগর টেরিটোরিয়াল সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে ঝেরঝেরী বাজার সড়ক থেকে লঙ্গাই

ফরেষ্ট বিট কার্য্যলয় পর্য্যন্ত লঙ্গাই নদীর উপর নির্মিয়মান আর সি সি ফুট ব্রীজের ও[পর বা নীচ দিয়ে জনসাধারণের সব ধরনের চলাচল পুনরাদেশ না দেওয়া পর্য্যন্ত বন্ধ থাকবে বলে জানিয়েছেন ।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ যোগাসন ট্রেনিং সেন্টারের ১৬ বছর পূর্তি উপলক্ষ্যে সম্প্রতি বরাক উপত্যকা ভিত্তিক যোগাসন স্পোর্টস প্রতিযোগীতা করিমগঞ্জ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে । প্রতিযোগীতায় বিভিন্ন বিভাগে ৬ বছরের নীচে থেকে ৬০ বছরের উর্ধের মোট পাঁচশরও অধিক প্রতিযোগী অংশ গ্রহন করেছেন ।

------------------------------------------------------------------------